



শ্রেষ্ঠা স্মৃতি

ফেব্রুয়ারি, ২০২২; সংখ্যা-৪৬

আমাদের সম্পর্কে

রেডিও মেঘনা (উপকূলের কণ্ঠস্বর) কোস্ট ফাউন্ডেশন এর একটি কমিউনিটি রেডিও। বাংলাদেশের উপকূলীয় এলাকার প্রান্তিক মানুষের জীবন-মান উন্নয়নের জন্য কাজ করে। এটি উপকূলীয় দ্বীপ ভোলার চরফ্যাসন উপজেলায় ২০১৫ সালে যাত্রা শুরু করে। রেডিও মেঘনা বৈধ অধিকারের দাবি, সমাজে বৈষম্য দূরীকরণ, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকবেলা ও পরিবেশ সুরক্ষা, মৎস্য, কৃষি, লিঙ্গীয় সমতা ও শিক্ষাখাতে সামাজিক, সংস্কৃতিক ও গ্রামীণ উন্নয়নে উৎসাহী করা এবং জনগণের সক্ষমতা বৃদ্ধির জন্য দরিদ্র কণ্ঠস্বর বাড়াতে কাজ করে।

তথ্য-বিনোদন ও সচেতনতার সবচেয়ে বড় মাধ্যম রেডিও মেঘনা: ৭ম বর্ষপূর্তিতে ইউএনও

‘উপকূলের কণ্ঠস্বর, উপকূলবাসীর উন্নয়নসঙ্গী’ এই শ্লোগানে চরফ্যাসনের একমাত্র কমিউনিটি রেডিও ‘রেডিও মেঘনা’র ৭ম বর্ষপূর্তি উৎসব উদযাপন করা হয়েছে। ১৮ ফেব্রুয়ারি (শুক্রবার) সকাল ১১টায় উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর আনুষ্ঠানিকতা শুরু হয়। উপদেষ্টা কমিটির সভাপতি এবং চরফ্যাসন উপজেলা নির্বাহী অফিসার আল নোমান ও তার সহধর্মিণী উপস্থিত থেকে কেক কাটেন এবং রেডিও মেঘনার সম্প্রচারের ৮ম বছরে পর্দাপনের জন্য শুভ কামনা জানান। এসময় উপজেলা নির্বাহী অফিসার বলেন, রেডিও মেঘনা সাফল্যের সাথে এগিয়ে যাচ্ছে। নারী ও শিশু, আর্থনিক খবর, বাল্যবিয়ে প্রতিরোধ, যৌতুক এবং স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে প্রতিনিয়ত বিভিন্ন ধরনের অনুষ্ঠান প্রচারের মাধ্যমে মানুষকে সচেতন করে যাচ্ছে। তথ্য-বিনোদন ও সচেতনতার সবচেয়ে বড় মাধ্যম রেডিও মেঘনা, বলেন তিনি। রেডিও মেঘনার এক ঝাঁক সম্প্রচার তরুণী এবং রেডিওর উত্তরোত্তর সাফল্য কামনা করেন উপজেলা নির্বাহী অফিসার।

করোনা সংক্রমণ প্রতিরোধে রেডিও মেঘনার ৭ম বর্ষপূর্তি অনুষ্ঠান স্বাস্থ্যবিধি মেনে ছোট পরিসরে আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলার বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা, সাংবাদিক, কোস্ট ফাউন্ডেশনের কর্মকর্তা এবং রেডিও মেঘনার এক ঝাঁক কিশোরী সম্প্রচার যোশ্ধা।



কৃষাণী জোছনা বেগমের সাক্ষাৎকার নিচ্ছেন ফারিহা ইসলাম। স্থান: খেজুর গাছিয়া, চরফ্যাসন। ছবি জেসমিন বেগম। তারিখ: ১৫ জানুয়ারি, ২০২২।

‘আমার জীবনের ২০ বছরেও যা জানিনি রেডিও মেঘনা শুনে তার চেয়ে বেশি জানতে পেরেছি’: হালিমা বেগম



পিরিয়োড বা মাসিক লজ্জার কোনো বিষয় নয়। এটি নারীর শরীরের একটি স্বাভাবিক প্রক্রিয়া। এ সময় সচেতন না হলে এবং অপরিচ্ছন্ন থাকলে নানা রকমের রোগ হতে পারে। আমাদের দেশে অনেক নারী প্রস্রাবে ইনফেকশন ও জরায়ুর মুখে ক্যানসারে আক্রান্ত হন শুধু মাসিক চলাকালীন অস্বাস্থ্যকর জীবনযাপনের জন্য। এই জন্যই রেডিও মেঘনা কিশোর-কিশোরী অনুষ্ঠানের মাধ্যমে মানুষকে সচেতন করার চেষ্টা চলমান। এ বিষয়ে আগের চেয়ে কিশোরীরা অনেক সতর্ক হয়েছে তাতে কোন সন্দেহ নেই। তবে কিশোরীদের পাশাপাশি সতর্ক হচ্ছেন চরফ্যাসনের নারীরাও। চরফ্যাসন হাজারিগঞ্জ এলাকার হালিমা বেগম (৩৫ বছর)। রেডিও মেঘনার একজন নিয়োগিত শ্রোতা। তিনি বলেন, ‘রেডিও শুনে শুধু ভালোই লাগে না, উপকারও হয় অনেক। আগে লজ্জায় মাসিকের কাপড় রোদে শুকাতাম না। একই কাপড় বার বার ব্যবহার করতাম। এতে করে নানান ধরণের সমস্যা ও অস্বস্তি হতো। এমন কি আমার মেয়েও আমার মত চর্চায় বেড়ে উঠছিলো। এরপর একদিন রেডিও মেঘনায় কিশোর-কিশোরী অনুষ্ঠানে মাসিককালীন পরিষ্কার-পরিচ্ছন্নতা, যত্ন ও পরিচর্যা, সম্পর্কে জানতে পারলাম। কাপড়ের পরিবর্তে মেয়ে ও আমি প্যাড ব্যবহার শুরু করলাম। এরপর থেকে মা ও মেয়ে দুজনেই ভালো আছি।’ হালিমা বেগমের এমন পরিবর্তন রেডিও মেঘনার জন্য অনেক বড় একটি অনুপ্রেরণা। তার কথায় এমনটা মনে হয়েছে। সাক্ষাৎকারকালে তিনি আরো বলেন, ‘আমার জীবনের ২০ বছরেও যা জানিনি রেডিও মেঘনা শুনে তার চেয়ে বেশি জানতে পেরেছি।’

স্বামী ও ছেলে কাজের ক্ষেত্রে দিনের বেশিরভাগ সময় বাহিরে থাকেন। একটা মেয়ে তারও বিয়ে হয়ে গেছে। সব মিলে তিনি একা হলেও নিজেকে কখনো একাকিত্ব অনুভব করেন না। শিক্ষা, স্বাস্থ্য, কৃষি বিষয়ক পরামর্শসহ বিনোদনের মাধ্যম হিসেবে রেডিও মেঘনা পাশে থাকে বলে জানান হালিমা বেগম। তার জীবনে এমন অবদানের জন্য রেডিও মেঘনা কে ধন্যবান জানান তিনি।

শ্রোতা মতামত

- বাল্য বিয়ে প্রতিরোধে সচেতনতা আরো অনুষ্ঠান শুনে চান কুলছুমবাগের কিশোরী নুসরাত
- নাক-কান ফোটারো ও পরিষ্কার-পরিচ্ছন্নতা সম্পর্কে এবং ব্যাথা দূর করার ঘরোয়া টিপস শুনে চান শ্রোতারা।
- বর্ণালী অনুষ্ঠানের মাধ্যমে, ‘আয়না এবং ভাষা, সম্পর্কে অনেক অজানা তথ্য জেনেছেন শ্রোতারা। এমন আরো অজানা তথ্য জানতে চান শ্রোতারা।
- প্রাক-প্রাথমিক স্কুল খোলা বিষয়ে সংবাদ প্রচারের পরদিন নিজের ছোট বোনকে স্কুলে পাঠিয়েছেন মাইমুনা।



উপকারভোগী হালিমা বেগমের সাক্ষাৎকার নিচ্ছেন, ফারিহা। ছবি তুলেছেন: শারমিন।
স্থান: হাজারিগঞ্জ, চরফ্যাসন। তারিখ: ২০ ফেব্রুয়ারি, ২০২২।

ঠিকানা:

উম্মে নিশি,
সহকারী স্টেশন ম্যানেজার,
রেডিও মেঘনা, কুলছুমবাগ, চরফ্যাসন, ভোলা
ফোন: ০১৭০৪ ১২০৩১০

manager@radiomeghna.net

[/radiomeghna99.0](https://www.facebook.com/radiomeghna99.0)

[/radiomeghna.net](https://www.facebook.com/radiomeghna.net)